

যুগান্তর

তারিখ ... ..  
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৮

## মাদ্রাসায় কম্পিউটার সরবরাহ

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় কর্তৃক  
সংসদ সদস্যদের মাধ্যমে দেশের বিভিন্ন  
নির্বাচনী এলাকার ছয়শত মাধ্যমিক

বিদ্যালয়ে তিন বছরে পর্যায়ক্রমে দশ  
হাজার কম্পিউটার সরবরাহ করার  
সিদ্ধান্ত গ্রহণ করেছে। কিন্তু দেশের সাত  
হাজার মাদ্রাসা এ সরবরাহের আওতায়  
আনা হয়নি। দেশে এমন অনেক মাদ্রাসা  
আছে যেখানে মাধ্যমিক বিদ্যালয়ের  
চেয়ে শিক্ষার্থীর সংখ্যা অধিক। মাদ্রাসায়  
অধ্যয়ন শেষে প্রতি বছর দেড় লক্ষাধিক  
শিক্ষার্থী দাখিল পরীক্ষায় অংশগ্রহণ  
করে। সাত হাজার মাদ্রাসায় কমপক্ষে  
পঁয়ত্রিশ লাখ শিক্ষার্থী লেখাপড়া করছে।  
তাদেরকে কম্পিউটারের সুবিধা থেকে  
সম্পূর্ণরূপে বঞ্চিত রাখার কারণ বুঝতে  
পারলাম না। ইসলামি আদর্শে বিশ্বাসী  
চারদলীয় সরকার মাদ্রাসা  
শিক্ষার্থীদেরকে কম্পিউটারের সুবিধা  
থেকে বঞ্চিত রাখার সিদ্ধান্ত গ্রহণ  
করলেন কেন? বর্তমান সরকারের  
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের কাছে  
আমাদের অনুরোধ মাধ্যমিক বিদ্যালয়ের  
পাশাপাশি সাত হাজার মাদ্রাসায়

ক্রমাগতই কম্পিউটার সরবরাহ করে প্রায়  
পঁয়ত্রিশ লাখ শিক্ষার্থীকে কম্পিউটারের  
সুবিধা প্রদান করে কৃতার্থ করুন।  
মুহাম্মদ মাহবুবুর রহমান  
আরবি প্রভাষক, কালিয়াকৈর ফাজিল  
মাদ্রাসা, গাজীপুর